

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি - ৩ অধিশাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৫১.১৫-৬৫

০৬/০৩/১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ -----
২০/০৬/২০১৭ খ্রিঃ


বিষয়ঃ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের ভ্রমণ ভাতার হার পুনঃনির্ধারণ।

সূত্রঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৬.২৫.০০১.১৭-৫৭
তারিখঃ ০৬/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের মাসিক ভ্রমণ ভাতা বিদ্যমান ৫০০/- (পাঁচশত) টাকা থেকে নিম্নবর্ণিত শর্তে ৩,০০০/- (তিন হাজার) টাকায় পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলোঃ

শর্তাবলিঃ

- ক) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সকল আনুষ্ঠানিকতা পরিপালনপূর্বক যথানিয়মে সরকারি আদেশ (জিও) জারি করে ৪ (চার) কপি পৃষ্ঠাক্রমের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- খ) সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারগণের মধ্যে যে সব অফিসার নিজ ক্রাস্টারের বিদ্যালয়সমূহ প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সমর্থ হবেন, তারা মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে ভ্রমণ ভাতা প্রাপ্ত হবেন;
- গ) প্রমাপ অনুযায়ী পরিদর্শনে ব্যর্থ হলে হারাহারি হারে মাসিক ভ্রমণ ভাতা কম প্রাপ্ত হবেন;
- ঘ) নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ প্রমাপ অর্জন সম্পর্কিত প্রত্যয়ন পত্র প্রদান করবে, যা বিলের সাথে দাখিল করতে হবে;
- ঙ) বিদ্যালয় পরিদর্শনের জন্য উক্ত ভ্রমণ ভাতা ভিন্ন অন্য কোন ভাতা প্রাপ্ত হবেন না;
- চ) ছুটিকালীন উক্ত ভ্রমণ ভাতার প্রাপ্যতা অর্জিত হবে না;
- ছ) আদেশ জারির তারিখ থেকে পুনঃনির্ধারিত ভ্রমণ ভাতার হার কার্যকর হবে; এবং
- জ) নিজস্ব Resource Ceiling এর মধ্যে এ ব্যয় নির্বাহ করতে হবে; অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না।


(মোঃ গোলাম মোস্তফা)

উপসচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইলঃ gmostofa @ finance.gov.bd

সচিব

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।